

৫

শিক্ষামন্ত্রী ইউনেস্কোর ভাইস প্রেসিডেন্ট পুনর্নির্বাচিত

নিজস্ব প্রতিবেদক *

বাংলাদেশের শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইউনেস্কোর ৩৯তম সাধারণ সম্মেলনের জন্য ফের ভাইস প্রেসিডেন্ট



নির্বাচিত হয়েছেন। তিনি ইউনেস্কো সাধারণ সম্মেলনের ভাইস প্রেসিডেন্ট হিসেবে ২০১৭ থেকে ২০১৯ মেয়াদের জন্য দায়িত্ব পালন করবেন। ৩৯তম সাধারণ সম্মেলনের জন্য সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন মরক্কোর জহুর আল-আলাউই। গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়। বাংলাদেশের শিক্ষামন্ত্রী

ইউনেস্কোর ৩৮তম সাধারণ সম্মেলনেও সহসভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন, যার মেয়াদকাল ছিল ২০১৫ থেকে ২০১৭। গতকাল প্যারিসে ইউনেস্কো সদর দপ্তরে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। নুরুল ইসলাম নাহিদ চলমান সাধারণ সম্মেলনে বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন।